

# দৈনিক ইনকিলাব

তারিখ 07 DEC 1993

পৃষ্ঠা... ৫ ... ৯ ...

৬৫

## শিক্ষার বিনিময়ে খাদ্য কিন্তু শিক্ষালয় নেই

কিশোরগঞ্জ জেলাধীন বাজিতপুর থানার বলিয়াদী সরকারী প্রাথমিক বিদ্যালয়টি প্রায় দেড় বছর আগে ঘূর্ণিঝড়ে বিধ্বস্ত হয়। সে সময় থেকে ছাত্র-ছাত্রীদের ক্লাস কিছু খোলা আকাশের নীচে, কিছু স্থানীয় ক্লাব ঘরে নেয়া হয়েছে। কিন্তু বিদ্যালয়টি নির্মাণের জন্য অদ্যাবধি কোন উদ্যোগ গৃহীত হয়নি। এদিকে সুভাগ্যবশতঃ উক্ত বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ভাগ্যে জুটছে শিক্ষার বিনিময়ে খাদ্য। ব্যাপারটি

উপলব্ধি করলে খুবই হাস্যকর মনে হয়। যেখানে ছাত্র-ছাত্রীদের ক্লাস করার স্থান নেই সেখানে কিভাবে “শিক্ষার বিনিময়ে খাদ্য” কর্মসূচী বাস্তবায়িত হবে? অতএব বিদ্যালয় ভবনের সমস্যা সমাধান করে, বিদ্যালয়টিতে শিক্ষার সুন্দর পরিবেশ ফিরিয়ে আনার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আবেদন করছি।

—মোঃ আবদুল মামান স্বপন,  
বাজিতপুর কিশোরগঞ্জ,